এই থিম গানের পাশাপাশি ব্রাইডস অফ ইন্ডিয়া ২০২৩ ক্যাম্পেনে বিয়ের একগুচ্ছ আকর্ষণীয় গহনার সম্ভার সামনে এনেছে সংস্থাটি। মালাবার গ্রুপের চেয়ারম্যান এমপি আহমেদ জানিয়েছেন, ''বিয়ের গয়না কেনার সময় ওয়ান স্টপ ডেস্টিনেশন হিসেবে আমাদের কথা মনে করিয়ে দেওয়ার লক্ষ্যে আমাদের এই উদ্যোগ সকলের ভাল লাগবে। ব্রাইডস অফ ইন্ডিয়া ম্যাজিকের অংশীদার হতে সকলের প্রতি আমন্ত্রণ জানাই।''

## এইচডিএফসি-র নতুন অ্যাকাউন্ট



প্রবীণ নাগরিকদের জন্য বিশেষ 'স্পেশ্যালে সিনিয়র সিটিজেন অ্যাকাউন্ট' চালু করল এইচডিএফসি ব্যাঙ্ক। সেন্ট্রাল প্লাজা ব্রাঞ্চে এই প্রকল্পের উদ্বোধনে উপস্থিত ছিলেন ব্যাঙ্কের ওয়েস্ট বেঙ্গল সার্কেল হেড সত্যশ্রী তুঙ্গার, ক্লাস্টার হেড অভীক মুখার্জি, ক্লাস্টার হেড শ্রদ্ধা পারেখ এবং ব্যাঙ্কের কয়েকজন প্রবীণ নাগরিক গ্রাহক। সব শাখায় প্রবীণ নাগরিকদের এই বিশেষ অ্যাকাউন্টের সুবিধা পাওয়া যাবে বলে এইচডিএফসি ব্যাঙ্কের তরফে জানানো হয়েছে।

## টুইটারের নতুন সিইও লিন্ডা



টুইটারের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) হিসেবে লিন্ডা ইয়াকারিনোকে নিয়োগ করেছেন সংস্থার মালিক ইলন মাস্ক। এতদিন গুরুত্বপূর্ণ এই দায়িত্ব তিনিই সামলাচ্ছিলেন। আগামী ৬ সপ্তাহের মধ্যে লিন্ডা দায়িত্ব গ্রহণ করবেন বলে জানিয়েছেন মাস্ক।

পেনসিলভানিয়া স্টেট ইউনিভার্সিটির (পেন স্টেট) এই স্নাতক সর্বশেষ এনবিসি ইউনিভার্সে কাজের আগে ১৫ বছর ছিলেন আর এক মার্কিন মিডিয়া জায়ান্ট টার্নার এন্টারটেনমেন্টে। সেখানে প্রায় দুই হাজার কর্মীর নেতৃত্ব দেওয়ার পাশাপাশি তিনি এর স্ট্রিমিং পরিষেবা চালুর সঙ্গেও জড়িত ছিলেন। বিজ্ঞাপন বিষয়ে গভীর জ্ঞান রয়েছে ইয়াকারিনোর যা থেকে টুইটার লাভবান হবে বলে বিবিসি উল্লেখ করেছে।

## এফসিআই-এর পর্যালোচনা সভা




পশ্চিমবঙ্গে খাদ্যশস্যের লভ্যতা, মজুতকরণ, পরিবহণ ও সংগ্রহ সংক্রান্ত বিষয়ে ১১ মে ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার (এফসিআই) কলকাতা রিজিওনাল অফিসে একটি পর্যালোচনা সভা আয়োজিত হয়। সভাপতিত্বে ছিলেন ভারত সরকারের গ্রাহক বিষয়ক, খাদ্য ও গণবণ্টন এবং গ্রামোন্নয়ন দপ্তরের কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতি। এফসিআই রিজিওনাল অফিস কলকাতার সমস্ত অফিসার সহ উপস্থিত ছিলেন জেনারেল ম্যানেজার (পশ্চিমবঙ্গ) সুরেন্দর সিং তক্ষক, ডিজিএম (জেনারেল) সুভাষ কুমার, ডিজিএম (জেনারেল) শান্তক শরাফ, ডিজিএম (জেনারেল) সঞ্জয় কুমার বিশ্বাস, ডিজিএম (অ্যাকাউন্টস) বিজয় কুমার, ডিজিএম (ল) আনম দর্শি সিং, ডিজিএম (অ্যাকাউন্টস) নিকেশ তিওয়ারি প্রমুখ।

## ভোডাফোনে ১১ হাজার কর্মী ছাঁটাই




এমনটাই করছেন ভোডাফোনের নতুন সিইও। ব্রিটেনভিত্তিক টেলিকম জায়ান্ট 'ভোডাফোন' আগামী তিন বছরের মধ্যে ১১ হাজার কর্মী ছাঁটাই করবে বলে জানিয়েছেন কোম্পানির নতুন সিইও মার্গারিটা ডেলা ভালে। ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলা ও প্রতিযোগিতায় টিকে থাকতে এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে কোম্পানিটি।

গত মাসেই ভোডাফোনের দায়িত্ব নেন মার্গারিটা ডেলা ভালে। এর পরই কোম্পানিকে ঢেলে সাজানোর দায়িত্ব নিয়েছেন তিনি।

ব্রিটেনের গণমাধ্যমগুলির খবর, এটিই এ পর্যন্ত কোম্পানির সবচেয়ে বড় ছাঁটাইয়ের সিদ্ধান্ত। বর্তমানে কোম্পানিতে এক লক্ষ কর্মী রয়েছেন। চলতি বছরের শুরুতে ইতালিতে এক হাজার কর্মী ছাঁটাইয়ের ঘোষণা করেছিল সংস্থাটি।

## বাজারে এল সানফিস্ট মিলেট কুকিজ




আইটিসি ফুডস তাদের প্রথম মিলেট কুকিজ বাজারে আনল।

রাগি, জোয়ারের মতো মিলেটের মিশ্রণে তৈরি এই মিলেট কুকিজ দুটি ভ্যারিয়েন্টে পাওয়া যাচ্ছে- মাল্টি মিলেট এবং চকো-চিপ মাল্টি মিলেট।

৭৫ গ্রাম প্যাকের দাম ৫০ টাকা। এই কুকিজে আছে আয়রন, প্রোটিন এবং ফাইবার।

আইটিসি ফুডস ডিভিশনের বিস্কিটস অ্যান্ড কেকস ক্লাস্টারের সিওও আলি হ্যারিস শিয়ার বলেন, ''আমাদের বিশ্বাস, এই মিলেট কুকিজ শুধুমাত্র ক্রেতাদের জিভের স্বাদই মেটাবে না, তাঁদের প্রোটিন ও আয়রনের মতো পুষ্টিও জোগাবে।''

## সুবর্ণজয়ন্তীতে নিপ্পোর নতুন লোগো




উদ্যোগপতি পি ওবুল রেড্ডি এবং জাপানের মাতসুশিতা ইলেকট্রিক ইন্ডাস্ট্রিয়াল কোম্পানি লিমিটেডের মধ্যে ১৯৭২ সালে এক যৌথ উদ্যোগে গড়ে ওঠে ইন্দো ন্যাশনাল লিমিটেড (আইএনএল)।

সত্তরের দশকে এর সূচনাকাল থেকে, প্রায় প্রতিটি ভারতীয় বাড়িতে ব্যাটারির সমার্থক নাম 'নিপ্পো'। নিপ্পোর উচ্চ মান এবং শক্তিশালী কর্মক্ষমতা গত পাঁচ দশক ধরে ভারতীয় বাজারে একটি বিশেষ চিহ্ন রেখে আসছে।

১৯৭২ সালে ইন্দো ন্যাশনাল লিমিটেডের প্রথম কারখানাটি অন্ধ্রপ্রদেশের নেল্লোরে স্থাপিত হয়। বাজারে আসা নিপ্পোর প্রথম পণ্য ছিল 'নিপ্পো হাইপার'। এর উচ্চ কার্যক্ষমতা ও কম খরচের কারণে এটি অবিলম্বে মানুষের কাছে জনপ্রিয়তা অর্জন করে, বিশেষত গ্রামীণ এলাকায়। তারপর থেকে নিপ্পোকে আর ফিরে তাকাতে হয়নি।

বিগত পাঁচ দশক ধরে, নিপ্পো নতুন ধরণের পণ্য বাজারে এনেছে। আজ, তারা বিভিন্ন ধরনের ব্যাটারি, টর্চ, মশা মারার ব্যাট, এলইডি লাইটিং এবং বিভিন্ন বৈদ্যুতিক উপকরণ বিপণন করে।

ইন্দো ন্যাশনাল লিমিটেড একটি নতুন নিপ্পো ব্র্যান্ড লোগো প্রকাশ করেছে। সংস্থার তরফে বলা হচ্ছে, নতুন পরিমার্জিত লোগোটি সংস্থার ৫০তম বছরে ইন্দো ন্যাশনাল লিমিটেডের নতুন ব্র্যান্ড পরিচয়ের প্রতিনিধিত্ব করছে। নতুন নিপ্পো লোগো আরও বেশি প্রাণবন্ত, অনেক বেশি যৌবনের প্রতীক।

সংস্থার জয়েন্ট ম্যানেজিং ডিরেক্টর আদিত্য রেড্ডি জানান, ''এবছর নিপ্পোর পথচলার ৫০ বছর উদ্‌যাপনের পাশাপাশি আমরা এক নতুন ও রোমাঞ্চকর পর্যায়ে প্রবেশ করছি। আমরা ভারতের নতুন ধরনের সুযোগ সুবিধাগুলিতে উদ্যোগ নিতে সম্পূর্ণরূপে প্রস্তুত।''

নিপ্পোর ম্যানেজিং ডিরেক্টর দ্বারকনাথ রেড্ডি বলেছেন, ''সংস্থার ৫০ বছরে আমরা নিপ্পোকে এক রোমাঞ্চকর পর্যায়ে প্রবেশ করতে এবং নতুন উচ্চতার শিখরে দেখার অপেক্ষায় আছি।''


বৈঁক ऑफ़ बड़ौदा Bank of Baroda
সন্তোষপুর ব্রাঞ্চ
বি-১৯৫ সার্ভে পার্ক, কলকাতা- ৭০০০৭৫,
ইমেল: santos@bankofbaroda.com

**ইচ্ছাকৃত ঋণখেলাপি হিসাবে ঘোষণার জন্য বিজ্ঞপ্তি**

ইচ্ছাকৃত ঋণখেলাপি হিসাবে ঘোষণার জন্য ০১.০৭.২০১৫ তারিখে আরবিআই মাস্টার সার্কুলার অনুসারে কমিটি অফ এক্সিকিউটিভস (সিওই) ০৫.১০.২০২১ তারিখে আদেশানুসারে নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ/ডিরেক্টরগণ/জামিনদারগণকে ইচ্ছাকৃত ঋণখেলাপি হিসাবে ঘোষণা করেছেন।

| ক্রম নং | ঋণগ্রহীতার নাম | প্রোমোটার/ ডিরেক্টর/ জামিনদারের নাম |
|---|---|---|
| ১ | শ্রী দীপক রাহা, পিতা- দিলীপ রাহা | - |

সিওই-এর উক্ত সিদ্ধান্ত সম্পর্কিত ঋণগ্রহীতা/ডিরেক্টরগণ/জামিনদারগণকে প্রেরণ করা হয়েছিল ২৫.০৪.২০২৩ তারিখে, কিন্তু তা অবিলিকৃত অবস্থায় ফেরত এসেছে। সেই কারণে এই বিজ্ঞপ্তি প্রকাশ দ্বারা সংক্রান্তগণকে জানানো হচ্ছে যে, তাঁরা সিওই-এর আদেশ সম্পর্কিত ব্রাঞ্চ থেকে সংগ্রহ করতে পারেন এবং তাঁদের আবেদন জমা করতে পারেন প্রকাশনার তারিখ থেকে ১৫ দিনের মধ্যে, যা সিওই-এর সিদ্ধান্তের বিপক্ষে রিভিউ কমিটির কাছে জমা করা হবে।

স্বাঃ/-
ব্রাঞ্চ হেড দ্বারা স্বাক্ষরিত
পদাধিকারী: চিফ ম্যানেজার
তারিখ: ১৮.০৫.২০২৩

HDFC BANK
এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড
রেজিস্টার্ড অফিস: এইচডিএফসি ব্যাঙ্ক হাউস, সেনাপতি বাপট মার্গ, লোয়ার পরেল, মুম্বই-৪০০ ০১৩

**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য) [রুল ৮(১)]**

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত অফিসার** হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ মোতাবেক এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতা মেসার্স এইচ আর ইন্টারন্যাশনাল** যার রেজিস্টার্ড অফিস ৩২/৪, সাহিত্য পরিষদ স্ট্রিট, শান্তি নিকেত বিল্ডিং, ফ্ল্যাট নং এ-৪০৩, কলকাতা, পিন-৭০০০০৬, পশ্চিমবঙ্গ এছাড়াও কলকাতা লেদার কমপ্লেক্স, জোন ২, প্লট নং ১২৮, কড়াইডাঙা, দক্ষিণ ২৪ পরগনা, পিন-৭৪৩৫০২, পশ্চিমবঙ্গ, **শ্রী হর্ষ বর্ধন ওঝা (অংশীদার এবং জামিনদাতা)** গোয়াবাগান, সিআইটি পার্ক, ৩২/৪, সাহিত্য পরিষদ স্ট্রিট, বিডন স্ট্রিট, এস ও কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০০০৬ **শ্রী কিরীট কুমার ওঝা (অংশীদার, জামিনদাতা এবং বন্ধকদাতা)** শান্তি নিকেত ব্লক এ, ফ্ল্যাট নং ৪০৩, ৩২/৪ সাহিত্য পরিষদ স্ট্রিট, বিডন স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০০০৬ **শ্রীমতী নীতা ওঝা (জামিনদাতা এবং বন্ধকদাতা)** শান্তি নিকেত ব্লক এ, ফ্ল্যাট নং ৪০৩, ৩২/৪ সাহিত্য পরিষদ স্ট্রিট, বিডন স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন-৭০০০০৬ এর প্রতি উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে **০১.০৩.২০২৩ তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি** ইস্যু করেছিলেন, যাতে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে বর্ণিত পরিমাণ অর্থাঙ্ক অর্থাৎ, **৩১.০১.২০২৩** তারিখের ভিত্তিতে **₹১,০৬,২৬,৩৬১.৩৯/- (এক কোটি ছয় লক্ষ ছাব্বিশ হাজার তিনশত একষট্টি টাকা এবং উনচল্লিশ পয়সা মাত্র)**, তৎসহ এর ওপর সুদ সমেত আদায় দেওয়ার জন্য তাঁদেরকে আহ্বান জানানো হয়েছিল।

যেহেতু উক্ত ঋণগ্রহীতা ও জামিনদাতাগণ সংশ্লিষ্ট পরিমাণ অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হয়েছেন, সেই কারণে এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা ও জামিনদাতাগণ এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত অফিসার হিসেবে ১৭ মে, ২০২৩ তারিখে উক্ত রুলসমূহের রুল ৯-এর সঙ্গে পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নিচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।**

**বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নলিখিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে-কোনও লেনদেন ওপরে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক ও তার ওপর পরবর্তী সুদ সমেত এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর চার্জ সাপেক্ষ হবে। উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে নিম্নবর্ণিত জামিনযুক্ত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।**

**স্থাবর সম্পত্তিগুলির বিবরণ**

(I) ইউনিট নং ৪০৩ এর সমগ্র অংশ, মাপ প্রায় ১১০০ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া) 'শান্তি নিকেত' নামের হাউজিং কমপ্লেক্সের ৫ম তলের ব্লক এ তে সহ একটি ঢাকা কার পার্কিং স্পেস এবং ৫ বিঘা, ৯ কাঠা, ১৩ ছটাক এবং ২ বর্গফুট জমির উপর নির্মিত এবং মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৩২/৪, সাহিত্য পরিষদ স্ট্রিট, কলকাতা-৭০০০০৬ তে অবস্থিত, থানা বড়তলা, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ওয়ার্ড নং ১৬। **শ্রী কিরীট কুমার ওঝার নামে। চৌহদ্দি- উত্তর**-রাজ রাজ কৃষ্ণ স্ট্রিট (সিএমসি রোড) ***পশ্চিম***-মনমোহন বোস স্ট্রিট (সিএমসি রোড), ***দক্ষিণ***-সাহিত্য পরিষদ স্ট্রিট (সিএমসি রোড), ***পূর্ব***-প্রেমিসেস নং ৩২/৫, সাহিত্য পরিষদ স্ট্রিট, ১৫৯ এবং ১৫৩/৮, আপার সার্কুলার রোড।

(II) ইউনিট নং ৪০৪ এর সমগ্র অংশ, মাপ প্রায় ১১০০ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া) 'শান্তি নিকেত' নামের হাউজিং কমপ্লেক্সের ৫ম তলের ব্লক এ তে সহ একটি ঢাকা কার পার্কিং স্পেস এবং ৫ বিঘা, ৯ কাঠা, ১৩ ছটাক এবং ২ বর্গফুট জমির উপর নির্মিত এবং মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৩২/৪, সাহিত্য পরিষদ স্ট্রিট, কলকাতা-৭০০০০৬ তে অবস্থিত, থানা বড়তলা, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ওয়ার্ড নং ১৬। **শ্রীমতী নীতা ওঝার নামে। চৌহদ্দি- উত্তর**-রাজ রাজ কৃষ্ণ স্ট্রিট (সিএমসি রোড) ***পশ্চিম***-মনমোহন বোস স্ট্রিট (সিএমসি রোড), ***দক্ষিণ***-সাহিত্য পরিষদ স্ট্রিট (সিএমসি রোড), ***পূর্ব***-প্রেমিসেস নং ৩২/৫, সাহিত্য পরিষদ স্ট্রিট, ১৫৯ এবং ১৫৩/৮, আপার সার্কুলার রোড।

অনুমোদিত অফিসার
(দেবজিৎ মুখার্জি)
এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড
'জার্ডিন হাউস', দ্বিতীয় তল,
৪, ক্লাইভ রো, কলকাতা-৭০০ ০০১

তারিখ: ১৭ মে, ২০২৩
স্থান: কলকাতা, পশ্চিমবঙ্গ

**Adhunik Power & Natural Resources Limited (APNRL)**
Regd. Office : 5th Floor, Lansdowne Towers, 2/1-A, Sarat Bose Road, Kolkata-700020 | CIN U40101WB2005PLC102935

**GIST OF TARIFF APPLICATION**

1. Adhunik Power & Natural Resource Limited (APNRL) has filed an application before the Hon'ble West Bengal Electricity Regulatory Commission for approval of Capital Cost, determination of Tariff and Aggregate Revenue Requirement (ARR) for FY: 2022-23 in respect of supply of 100 MW power to WBSEDCL through back to back arrangement with PTC for a period of 25 years under Sections 62 and 64(5) of Electricity Act, 2003 in line with the order of the Hon'ble WBERC dated 29.07.2022. The said application has since been admitted by the Hon'ble Commission on 10.01.2023.

2. The gist of the tariff application is as follows :

**(i) Tariff proposed to be made effective from the billing month of April of FY 2022-23**

**(ii) Details of proposed tariff :**

**For Generating Company :** (Paisa/kWh)

| Name of the Generating Station | Tariff for the Base year | Tariff for the control period FY 2020-21 to FY 2022-23 | | |
|---|---|---|---|---|
| | | FY 2020-21 | FY 2021-22 | FY 2022-23 |
| APNRL | Not Applicable | Not Applicable | Not Applicable | 488 paisa/kWh (Fixed charges 185 paisa + Energy charges 303 paisa) excluding trading margin of PTC @ 6 paisa/kWh |

**(iii) Projected Revenue at current tariff, Projected Aggregate Revenue Requirement and Expected Revenue from Charges at proposed tariff for the ensuing years of the control period are as follows :** (₹ in Lakh)

| Particulars | Tariff for the Base year | Tariff for the control period FY 2020-21 to FY 2022-23 | | |
|---|---|---|---|---|
| | | 1st year FY 2020-21 | 2nd year FY 2021-22 | 3rd year FY 2022-23 |
| Projected revenue at Current Tariff | Not applicable since it is for the first time that the Petitioner is approaching the Hon'ble Commission | | | |
| Projected Aggregate Revenue Requirement (For Full Net Capacity of 491.4 MW*) | Not Applicable | Not Applicable | Not Applicable | 170361 |
| Expected Revenue from Charges at Proposed Tariff (For Contracted Capacity of 100 MW*) | Not Applicable | Not Applicable | Not Applicable | 38323 |
| Range of percentage of increase / decrease sought in the application for each of the ensuing year compared to the base year | Not applicable since it is for the first time that the Petitioner is approaching the Hon'ble Commission | | | |

* Excluding PTC's trading margin of 6 paisa/kWh, which shall be billed separately. The Projected ARR is subject to change due to impact of adjustment of relevant APR, FCA and other adjustment in terms of Regulation 2.5.3 of the Tariff Regulations.

**(iv) Major reasons for increase / decrease in tariff proposed :**
Not applicable since it is for the first time that the Petitioner is approaching the Hon'ble Commission.

**(v) Major factor not considered in the above increase / decrease sought, if any :**
Not applicable since it is for the first time that the Petitioner is approaching the Hon'ble Commission.

**(vi) Details of the major changes proposed regarding applicable terms and conditions :**
No major change

**(vii) Any other important issue :**
The Hon'ble Commission had approved an integrated interim tariff of ₹ 4.40/kWh including PTC's trading margin vide order dated 29-07-2022 in Case No. OA-417/22-23, which shall be charged till the tariff is approved by the Hon'ble WBERC in the instant petition.

3. Application submitted by Adhunik Power & Natural Resource Limited may be inspected at the Office of the Hon'ble Commission at Plot No. :- AH/5 (2nd & 4th Floor), Premises No. Mar 16-1111, Action Area - 1A, New Town, Rajarhat, Kolkata- 700163 [Telephone No. (033) 29623754; e-mail: cp-wberc@gov.in] and following the procedure as laid down in the West Bengal Electricity Regulatory Commission (Conduct of Business) Regulation, 2013 as amended from 11 AM to 05 PM on all working days up to one day prior to last day of submission of suggestions / objections.

4. The application filed before the Hon'ble WBERC for determination of Tariff has been posted on the website of the applicant at www.adhunikpower.com.

5. The suggestions, objections and comments, if any, on the proposals contained in the application may be submitted at the Office of the Hon'ble Commission at above mentioned address from 11 AM till 05 PM within 21 days from the date of publication (including the date of publication) of this Notice in the Newspaper.

Place : Kolkata
Dated : 18.05.2023

Sukanta Chattopadhyay
Chief Financial Officer

बैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda
হাজরা রোড ব্রাঞ্চ
৪৭/১সি, হাজরা রোড, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: hazrar@bankofbaroda.com

**ইচ্ছাকৃত ঋণখেলাপি হিসাবে ঘোষণার জন্য বিজ্ঞপ্তি**

ইচ্ছাকৃত ঋণখেলাপি হিসেবে ঘোষণার জন্য ০১.০৭.২০১৫ তারিখে আরবিআই মাস্টার সার্কুলার অনুসারে কমিটি অফ এগজিকিউটিভস (সিওই) ২১.০৩.২০২৩ তারিখে আদেশানুসারে নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ/ডিরেক্টরগণ/জামিনদারগণকে ইচ্ছাকৃত ঋণখেলাপি হিসেবে ঘোষণা করেছেন।

| ক্রম নং | ঋণগ্রহীতার নাম | প্রোমোটার/ ডিরেক্টর/ জামিনদারের নাম |
|---|---|---|
| ১ | শ্রীমতী রাখি সামন্ত | শ্রীমতী রিঙ্কু চ্যাটার্জি |

সিওই-র উক্ত সিদ্ধান্ত সম্পর্কিত ঋণগ্রহীতা/ডিরেক্টরগণ/জামিনদারগণকে প্রেরণ করা হয়েছিল ২৫.০৪.২০২৩ তারিখে, কিন্তু তা অবিলিকৃত অবস্থায় ফেরত এসেছে। সেই কারণে এই বিজ্ঞপ্তি প্রকাশ দ্বারা সংক্রান্তগণকে জানানো হচ্ছে যে, তাঁরা সিওই-র আদেশ সম্পর্কিত ব্রাঞ্চ থেকে সংগ্রহ করতে পারেন এবং তাঁদের আবেদন জমা করতে পারেন প্রকাশনার তারিখ থেকে ১৫ দিনের মধ্যে, যা সিওই-র সিদ্ধান্তের বিপক্ষে রিভিউ কমিটির কাছে জমা করা হবে।

স্বাঃ/-
ব্রাঞ্চ হেড দ্বারা স্বাক্ষরিত
পদাধিকারী: সিনিয়র ব্রাঞ্চ ম্যানেজার
তারিখ: ১৭.০৫.২০২৩

ইন্ডিয়ন বৈংক Indian Bank
इलाहाबाद ALLAHABAD
এসএএম লার্জ ব্রাঞ্চ কলকাতা
দ্বিতীয় তল, ১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, কলকাতা- ৭০০০০১, পশ্চিমবঙ্গ

**ইচ্ছাকৃত খেলাপকারী সংক্রান্ত প্রকাশ্য বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **ঋণগ্রহীতা সংস্থা মেসার্স জি ডি লেদার,** ৩৬, তোপসিয়া রোড, তৃতীয় তল, মার্টিন পাড়া, ভিআইপি মসজিদের কাছে, কলকাতা- ৭০০০৩৯; **বিকল্প ঠিকানা:** জোন ৯, প্লট ৭৪৬, কলকাতা লেদার কমপ্লেক্স, করাইডাঙ্গা, বানতলা, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪৩৫০২ এর নিম্নোক্ত অংশীদার ও জামিনদার **ইন্ডিয়ান ব্যাঙ্ক, এসএএম লার্জ ব্রাঞ্চ, কলকাতা** এর কাছে তাঁদের উপরিলিখিত লোন অ্যাকাউন্টের প্রেক্ষিতে বকেয়া অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হয়েছেন এবং ইচ্ছাকৃতভাবে অবহেলা করেছেন। সেই কারণে, আমরা ব্যাঙ্ক/আরবিআই-এর বিদ্যমান রুলস ও রেগুলেশনের শর্তানুযায়ী এতে নির্ধারিত যথাযথ প্রক্রিয়া অনুসরণে নিম্নলিখিত ব্যক্তিকে **'ইচ্ছাকৃত খেলাপকারী'** হিসেবে ঘোষণা করছি।

**'ইচ্ছাকৃত খেলাপকারী' হিসেবে ঘোষিত ব্যক্তির বিশদ তথ্য**



শ্রী শিবেইক জৈন

১. **শ্রী শিবেইক জৈন,** শ্রী বিনায়ক অ্যাপার্টমেন্ট, তৃতীয় তল, ৩১, পরাশর রোড, লেক মলের পিছনে, কলকাতা- ৭০০০২৯

**ঋণের অর্থাঙ্ক: ₹২.০০ কোটি**
**০৭.০৩.২০২২ অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক: ₹৩.২৮ কোটি এবং এর ওপর বকেয়া সুদ ও মাসুল**

এই কারণে জনস্বার্থে জানানো ও সতর্ক করে দেওয়া হচ্ছে যাতে কোনও ব্যক্তি উপরিনামিত অংশীদার ও জামিনদারের সঙ্গে কোনও সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না-করেন, কারণ উক্ত ঋণগ্রহীতার থেকে বিশাল অঙ্কের টাকা আদায়যোগ্য রয়েছে।

তারিখ: ১৭.০৫.২০২৩
স্থান: কলকাতা

ডেপুটি জেনারেল ম্যানেজার
ইচ্ছাকৃত খেলাপকারী স্ক্রিনিং কমিটির পক্ষে

ADITYA BIRLA CAPITAL
PROTECTING INVESTING FINANCING ADVISING
আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড

**পরিশিষ্ট IV-A**
**[রুল ৮(৬) এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]**
**স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) ও ৯(১) এর সংস্থান সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর অধীনে স্থাবর পরিসম্পদ(সমূহ) বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **(১) মেসার্স শোমক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনসালটেন্সি সার্ভিসেস (এসইসি), (ঋণগ্রহীতা) এর প্রোপ্রাইটরের মাধ্যমে; (২) মেসার্স শোমক কনসালটেন্সি সার্ভিসেস প্রাইভেট লিমিটেড (সহ-ঋণগ্রহীতা); (৩) মিঃ অনিরুদ্ধ ব্যানার্জি (সহ-ঋণগ্রহীতা); (৪) মিসেস শুভার্থী ব্যানার্জি (সহ-ঋণগ্রহীতা)** এর থেকে আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড, সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ ১৮.১০.২০২২ তারিখের ভিত্তিতে **₹২৪,৯৭,১১,৮৬৩.৭৫ (চব্বিশ কোটি সাতানব্বই লক্ষ এগারো হাজার আটশো তেষট্টি টাকা এবং পঁচাত্তর পয়সা মাত্র)** [এই অর্থাঙ্কের মধ্যে টিডিএস এবং প্রযোজ্যমতো প্রি-পেমেন্ট চার্জ অন্তর্ভুক্ত করা নেই] পুনরুদ্ধারের জন্য **আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক** দ্বারা **বাস্তবিক দখল** নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ করা স্থাবর সম্পত্তি 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে **২৬ জুন, ২০২৩ তারিখে** বিক্রি করা হবে।

**নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি অর্থাৎ, জমি ও বাড়ির নির্ধারিত সংরক্ষণ মূল্য হবে ₹৫,৫১,৪০,০০০/- (পাঁচ কোটি একান্ন লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র) এবং বায়না অর্থাঙ্ক হবে ₹৫৫,১৪,০০০/- (পঞ্চান্ন লক্ষ চোদ্দ হাজার টাকা মাত্র)।**

**স্থাবর সম্পত্তির বিবরণ**

**নিম্নোক্ত ফ্ল্যাটগুলির অপরিহার্য সমগ্র পরিমাণ: আবাসিক ফ্ল্যাট নং ৩০১, সম্পূর্ণ ৩ নং ফ্লোর জুড়ে এবং ফ্ল্যাট নং ৪০১, সম্পূর্ণ ৪ নং ফ্লোর জুড়ে, সর্বমোট সুপার বিল্ট আপ এরিয়া ৩৮২০ বর্গফুট, তৎসহ বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে দুটি পরিচারকের ঘর (প্রতিটির পরিমাপ সামান্য কমবেশি ৬৫ বর্গফুট) এবং বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরেই তিনটি কভার্ড কার পার্কিং স্পেস, বিল্ডিংটি যে জমিতে নির্মিত, তার অবস্থান- ৬ই, কেয়াতলা রোড, থানা- লেক, কলকাতা- ৭০০০২৯, তৎসহ উক্ত ফ্ল্যাটগুলি সম্পর্কিত জমির অবিভক্ত ও পরিবর্তনশীল অবিভাজ্য সমানুপাতিক অংশ বা শেয়ার এবং উক্ত বিল্ডিংয়ের সর্বোচ্চ তলে ছাদের ওপর সামনের অংশে সামান্য কমবেশি ৭০০ বর্গফুট জায়গার অধিকার, স্বত্ব ও স্বার্থ এবং উক্ত বিল্ডিংয়ের কমন অংশ/এরিয়া, সুবিধা ও অ্যামেনিটি, অন্যান্য আনুষঙ্গিক সুবিধা, অধিকার ভোগদখলের সমানাধিকার যা সংলগ্ন প্ল্যানে 'লাল' রঙে চিহ্নিত এবং এখানে তৃতীয় তফসিলে বর্ণিত ও উক্ত বিল্ডিংয়ের অপর ফ্ল্যাট/এরিয়া/অংশ/ইউনিটের সহ-স্বত্বাধিকারী বা ভোগদখলকারীদের সঙ্গে যৌথরূপে উক্ত বিল্ডিংয়ের কমন অংশ/ এরিয়া, সুবিধা, আনুষঙ্গিক সুবিধা ইত্যাদি ভোগদখলের সমানাধিকার (ক্রেতা অনুরূপে উপলব্ধ, অনুমোদিত বা প্রাপ্তব্য অধিকার)।**

**সংলগ্ন ম্যাপ বা প্ল্যানে লাল বর্ডার দিয়ে চিহ্নিত উক্ত ফ্ল্যাট, দুটি পরিচারকের কোয়ার্টার, তিনটি কার পার্কিং স্পেস ও ছাদের সামনের অংশের চৌহদ্দি:**
**উত্তর : প্রেমিসেস নং ৫/১এম, কেয়াতলা রোড;**
**পূর্ব : কেয়াতলা রোড (৩০ ফুট চওড়া);**
**পশ্চিম : প্রেমিসেস নং ৬ডি, কেয়াতলা রোড;**
**দক্ষিণ : ১৫ ফুট চওড়া কমন প্যাসেজ।**

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য, অনুগ্রহ করে আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড-এর ওয়েবসাইট অর্থাৎ, https://mortgagefinance.adityabirlacapital.com/Pages/Individual/Properties-for-Auction-under-SARFAESI-Act.aspx বা https://sarfaesi.auctiontiger.net-তে দেওয়া লিঙ্ক দেখুন।

অনুমোদিত আধিকারিক
আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড
যোগাযোগ: ৭৫৯৬৯৪৬৪৬৭

তারিখ: ১৭ মে, ২০২৩
স্থান: কলকাতা

EXIDE
**এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
**(CIN: L31402WB1947PLC014919)**
রেজিস্টার্ড অফিস: এক্সাইড হাউস, ৫৯ই, চৌরঙ্গি রোড, কলকাতা-৭০০০২০
ফোন নং ০৩৩-২৩০২৩৪০০/২২৮৩২১১৮; ফ্যাক্স নং ০৩৩-২২৮৩২৬৩৭
ই-মেল: exideindustrieslimited@exide.co.in
ওয়েবসাইট: www.exideindustries.com

**শেয়ারধারকদের প্রতি বিজ্ঞপ্তি**
**বিষয় : ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ডে কোম্পানির ইকুইটি শেয়ারসমূহ স্থানান্তর**

এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার অ্যান্ড রিফান্ড) রুলস, ২০১৬, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (অ্যাক্ট)-এর ১২৪ ধারার সংস্থান সহ পঠনীয় প্রাসঙ্গিক সার্কুলার এবং অ্যামেন্ডমেন্ট (আইইপিএফ রুলস) অনুযায়ী **আর্থিক বছর ২০১৫-১৬ এর ঘোষিত চূড়ান্ত লভ্যাংশ** যেগুলি উপর্যুপরি ৭ (সাত) বছর ধরে অপ্রদত্ত বা দাবিহীন থেকে গেছে, সেগুলি বকেয়া তারিখ যথা ২৫ আগস্ট, ২০২৩ থেকে ৩০ দিনের মধ্যে ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ) এ জমা হবে। ৭ (সাত) বছর ধরে যে সকল শেয়ারের ওপর লভ্যাংশ অপ্রদত্ত বা দাবিহীন থেকে গেছে সেগুলিও আইইপিএফ রুল অনুসারে স্থানান্তরিত হবে।

যে সকল শেয়ারধারকের শেয়ারগুলি আইইপিএফে স্থানান্তরযোগ্য, তাঁদের সর্বশেষ জ্ঞাত ঠিকানায় আলাদাভাবে নোটিস পাঠানো হয়েছে ৩১ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে তাঁদের দাবিহীন লভ্যাংশ ভাঙ্গানোর জন্য। এই ধরনের শেয়ারধারকগণের বিবরণ সহ তাঁদের ফোলিও নম্বর/ডিপি এবং ক্লায়েন্ট আইডি এবং স্থানান্তরের যোগ্য শেয়ারের সংখ্যা কোম্পানির ওয়েবসাইট **www.exideindustries.com/investors/unclaimed-divedends.aspx.** তে ইনভেস্টর সেকশনে উপলব্ধ।

এই ব্যাপার নিম্নলিখিতগুলি খেয়াল করবেন:

ক) **বাস্তবিক রূপে ধরে রাখা শেয়ারের ক্ষেত্রে:** ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট(গুলি) জারি করা হবে এবং আইইপিএফ এর স্থানান্তরিত করা হবে। আপনার নামের রেজিস্ট্রিকৃত এবং ধরে রাখা মূল শেয়ার সার্টিফিকেট(গুলি) স্বাভাবিকভাবে বাতিল হবে।

খ) **ইলেকট্রনিক রূপে ধরে রাখা শেয়ারের ক্ষেত্রে:** আইইপিএফ এর স্থানান্তরে যোগ্য শেয়ারগুলি আপনার ডিমাট অ্যাকাউন্ট থেকে বাদ হবে।

৩১ জুলাই, ২০২৩ এ অথবা তার পূর্বে বৈধ দাবি আপনার দ্বারা গ্রহণ করা না হয়, সেক্ষেত্রে কোম্পানি পুনরায় নোটিস ছাড়া আইইপিএফ এ ইকুইটি শেয়ারগুলি স্থানান্তরের প্রক্রিয়া চালাবে। খেয়াল করবেন যে শেয়ারধারকগণ উভয় দাবিহীন লভ্যাংশ এবং আইইপিএফ অথরিটির কাছ থেকে দাবি করতে পারেন **http://www.iepf.gov.in/IEPF/corporates.html** তে উপলব্ধ আইইপিএফ-৫ ফর্ম এর ই-ফর্মের মাধ্যমে অনলাইনে আবেদনের মাধ্যমে এবং বাস্তবিক কপি, স্বাক্ষরিত (কোম্পানিতে স্পেসিমেন স্বাক্ষর অনুসারে) সহ প্রয়োজনীয় তথ্যাবলী যুক্ত করে আইইপিএফ ৫ এর ই-ফর্মে, কোম্পানির নোডাল অফিসার, আইইপিএফ রুল অনুসারে। **অনুগ্রহ করে খেয়াল করবেন, আইইপিএফ রুল অনুসারে আইইপিএফ এ স্থানান্তরিত অদাবিহীন লভ্যাংশ/শেয়ারগুলি কোম্পানির কাছে পড়ে থাকবে না।**

কোনও প্রশ্নের ব্যাখ্যার প্রয়োজনে শেয়ারধারকগণ কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট, সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস (পি) লিঃ, পি-২২, বন্ডেল রোড, কলকাতা-৭০০ ০১৯ (ফোন নং (০৩৩) ২২৮০ ৬৬৯২/৪০১১ ৬৭০০; ফ্যাক্স-(০৩৩)৪০১১৬৭৩৯; ই মেল আইডি: **rta@cbmsl.com** তে যোগাযোগ করতে পারেন।

**এক্সাইড ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে**
স্বা/-
**জিতেন্দ্র কুমার**
কোম্পানি সেক্রেটারি এবং
প্রেসিডেন্ট (লিগ্যাল এবং কর্পোরেট অ্যাফেয়ার্স)
ACS No. 11159

স্থান: কলকাতা
তারিখ: ১৭ মে, ২০২৩